গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
সমন্বয় ও এমআইএস সেক্টর
শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭
www.imed.gov.bd

বিষয়ঃ **বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের অক্টোবর ২০২৬-এর মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।**

সভাপতি:	জনাব সিরাজুন নূর চৌধুরী সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়
তারিখ:	১৭ অক্টোবর ২০২৬ খ্রিঃ; শনিবার
সময়:	বেলা ০২:৩০ ঘটিকা
স্থান:	আইএমইডি'র সম্মেলন কক্ষ (ব্লক-১২, কক্ষ-৩৩)
উপস্থিতির তালিকা:	পরিশিষ্ট-'ক'

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় সমন্বয় ও এমআইএস সেক্টরের পরিচালক-কে সভাপতি সভার আলোচ্য বিষয়সমূহ পর্যায়ক্রমে সভায় উপস্থাপন করার অনুরোধ করেন। সভার আলোচ্যসূচি অনুযায়ী বিস্তারিত আলোচনার পর সভায় নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক্রম	আলোচ্য বিষয় ও আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী সেক্টর/কর্মকর্তা
০১।	**গত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ** ১৪ সেপ্টেম্বর ২০২৬ তারিখে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণী যথারীতি জারি করা হয়েছে এবং এ বিভাগের অফিসিয়াল ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। এ যাবত উক্ত কার্যবিবরণী সংশোধনের কোন প্রস্তাব না থাকায় সভাপতি কার্যবিবরণী দৃঢ়ীকরণে অনুমতি দেন।	কোন সংশোধনী প্রস্তাব না থাকায় ১৪ সেপ্টেম্বর ২০২৬ তারিখের সমন্বয় সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়।	পরিচালক সমন্বয় ও এমআইএস সেক্টর
০২।	**ফাস্ট-ট্র্যাক প্রকল্প** ২০২৬-২৭ অর্থবছরের ১ম কোয়ার্টারের (জুলাই-অক্টোবর) লক্ষ্যমাত্রার বিপরীতে সেক্টর-১ ও ৭ এর লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে। সেক্টর-২ কর্তৃক ০২টি প্রকল্প পরিদর্শন করা হয়েছে, তবে এখন পর্যন্ত প্রতিবেদন জারি করা হয়নি। সভাপতি অক্টোবর ২০২৬ এর মধ্যে সেক্টর-২ এর ০২টি প্রতিবেদন জারি নিশ্চিত করার নির্দেশনা প্রদান করেন।	সেক্টরভিত্তিক লক্ষ্যমাত্রা অনুযায়ী সেক্টর-২ এর ২টি প্রতিবেদন অক্টোবর ২০২৬ এর মধ্যে জারি নিশ্চিত করতে হবে।	মহাপরিচালক, পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-২
০৩।	**চলমান প্রকল্প পরিদর্শন** ২০২৬-২৭ অর্থবছরের সেপ্টেম্বর ২০২৬ পর্যন্ত এডিপিভুক্ত ১১৬৮টি প্রকল্পের পরিদর্শন লক্ষ্যমাত্রা মোট প্রকল্পের ৬০% হিসেবে ৭০১টি। সেপ্টেম্বর ২০২৬ পর্যন্ত পরিদর্শন লক্ষ্যমাত্রা ১৭৫টির বিপরীতে ১৭৮টি প্রকল্প পরিদর্শন করে ১০৩টি প্রতিবেদন জারি করা হয়েছে। • **লক্ষ্যমাত্রার তুলনায় ৭২টি অর্জন কম হয়েছে।** সভাপতি লক্ষ্যমাত্রা অর্জন নিশ্চিত করার জন্য অবশিষ্ট ৭২টি প্রতিবেদন দ্রুততম সময়ের মধ্যে সমাপ্ত করার নির্দেশনা প্রদান করেন। তিনি আরও বলেন, চলতি ২০২৬-২৭ অর্থবছরের সেক্টরভিত্তিক কর্মকর্তাগণের প্রমাপ অনুযায়ী পরিদর্শন করা হচ্ছে কিনা তা মহাপরিচালকগণ মনিটরিং করবেন। যে সকল প্রকল্প এখন পর্যন্ত পরিদর্শন করা হয়নি এইরূপ প্রকল্পসমূহকে পরিদর্শনের ক্ষেত্রে অগ্রাধিকার দিতে হবে। প্রয়োজনে টিম গঠন করে পরিদর্শন সম্পন্ন করতে হবে।	(ক) আগামী ২(দুই) সপ্তাহের মধ্যে অবশিষ্ট ৭২টি প্রতিবেদন জারি নিশ্চিত করতে হবে; (খ) ২০২৬-২৭ অর্থবছরের সেক্টরভিত্তিক কর্মকর্তাগণের প্রমাপ অনুযায়ী পরিদর্শন করা হচ্ছে কিনা তা মহাপরিচালকগণ মনিটরিং করবেন; এবং (গ) যে সকল প্রকল্প এখন পর্যন্ত পরিদর্শন করা হয়নি এইরূপ প্রকল্পসমূহকে পরিদর্শনের ক্ষেত্রে অগ্রাধিকার দিতে হবে।	প্রধান/মহাপরিচালক/ পরিচালক/উপপরিচালক /সহকারী পরিচালক

ক্রম	আলোচ্য বিষয় ও আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী সেক্টর/কর্মকর্তা
০৪।	**২০২০-২১ অর্থবছরের মূল্যায়ন প্রতিবেদনের অগ্রগতি** সেক্টর-১, ২, ৩ ও ৪ এর প্রকল্প নিয়ে ২টি প্রতিবেদন ইতোমধ্যে প্রকাশ করা হয়েছে এবং সেক্টর - ৫ ও ৭ এর প্রতিবেদন নিয়ে ৪র্থ ও ৫ম খন্ড ছাপানোর কাজ বিজি প্রেসে প্রক্রিয়াধীন আছে। সেক্টর-৬ এর প্রতিবেদন নিয়ে ৬ষ্ঠ খন্ড প্রকাশের জন্য বিজি প্রেসে প্রেরণের কাজ চলমান রয়েছে। **২০২১-২২ অর্থবছরের মূল্যায়ন প্রতিবেদনের অগ্রগতি** **২০২১-২২** অর্থবছরের সমাপ্ত মূল্যায়ন প্রতিবেদন নিয়ে প্রতিবেদন প্রস্তুতের কাজ চলমান রয়েছে। মোট ৩৪০টি সমাপ্ত প্রকল্পের মধ্যে পিসিআর পাওয়া গিয়েছে ৩৩২টি প্রকল্পের। তন্মধ্যে, ৩২০টি প্রকল্প পরিদর্শন করে প্রতিবেদন জারি হয়েছে ৩০৮টি। এখন পর্যন্ত ১২টি প্রতিবেদন জারি করা হয়নি। সামগ্রিকভাবে মূল্যায়ন কাজ বাকি রয়েছে ৩২টি (পিসিআর পাওয়া যায়নি ০৮টি + পরিদর্শন হয়নি ১২টি + প্রতিবেদন জারি বাকি ১২টি)। সভাপতি ২০২০-২১ অর্থবছরের সমাপ্ত মূল্যায়ন প্রতিবেদনের ৬ষ্ঠ খন্ড প্রকাশের জন্য অক্টোবর ২০২৬ এর মধ্যে বিজি প্রেসে প্রেরণের নির্দেশনা প্রদান করেন এবং ২০২১-২২ অর্থবছরের সামগ্রিকভাবে বাকি থাকা ৩২টি প্রকল্পের প্রতিবেদন জারির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করেন।	(ক) ২০২০-২১ অর্থবছরের ৬ষ্ঠ খন্ড প্রতিবেদন প্রকাশের কাজ অক্টোবর ২০২৬ এর মধ্যে সম্পন্ন করতে হবে; (খ) ২০২১-২২ অর্থবছরের প্রতিবেদন প্রকাশের জন্য নিম্নোক্ত তালিকা অনুযায়ী পরিদর্শন ও জারি নিশ্চিত করে প্রতিবেদনসমূহ সমন্বয় সেক্টরে প্রেরণ করতে হবে। **সেক্টর	পিসিআর পাওয়া যায়নি	পরিদর্শন বাকি রয়েছে	মূল্যায়ন প্রতিবেদন জারি বাকি	সামগ্রিকভাবে মূল্যায়ন কাজ বাকি রয়েছে** সেক্টর-১ | ১ | ১ | ১ | ৩ সেক্টর-২ | ১ | ৫ | ০ | ৬ সেক্টর-৩ | ১ | ০ | ০ | ১ সেক্টর-৪ | ১ | ০ | ০ | ১ সেক্টর-৫ | ২ | ০ | ৫ | ৭ সেক্টর-৬ | ০ | ৪ | ০ | ৪ সেক্টর-৭ | ২ | ২ | ৬ | ১০ সেক্টর-৮ | ০ | ০ | ০ | ০ **মোট** | **০৮** | **১২** | **১২** | **৩২**	প্রধান/মহাপরিচালক (সকল)/যুগ্মসচিব (সমন্বয়)
০৫।	**পেন্ডিং পিসিআর মূল্যায়ন** **অর্থবছর | পিসিআর পাওয়া যায়নি | পরিদর্শন বাকি রয়েছে | প্রতিবেদন জারি বাকি রয়েছে | সামগ্রিকভাবে মূল্যায়ন অসমাপ্ত রয়েছে** ২০২১-২২ | ৮ | ১২ | ১২ | ৩২ ২০২২-২৩ | ৪৬ | ৪৪ | ২০ | ১০৯ ২০২৩-২৪ | ৬০ | ৯২ | ২৫ | ১৭৭ ২০২৪-২৫ | ১১৯ | ৬৯ | ২৪ | ২১২ ২০২৫-২৬ | ১৮৩ | ১২ | ০৪ | ১৯৯ ২০২১-২২ হতে ২০২৫-২৬ অর্থবছর পর্যন্ত ০৫ (পাঁচ) অর্থবছরে GPMS এর লক্ষ্যমাত্রা মোট প্রাপ্ত পিসিআর ১০৩০টি এর ৯০% হিসেবে ৯২৭টি। তন্মধ্যে পরিদর্শন হয়েছে ৭০১টি এবং প্রতিবেদন জারি হয়েছে ৭১৬টি। লক্ষ্যমাত্রার তুলনায় ২১১টি অর্জন কম হয়েছে। সভাপতি যে সকল মন্ত্রণালয়/বিভাগ থেকে পিসিআর পাওয়া যায়নি, সেসকল মন্ত্রণালয়/বিভাগ বরাবর ডিও পত্র প্রেরণ করার নির্দেশনা প্রদান করেন। তিনি সংস্থা প্রধান পর্যায়ে মহাপরিচালকগণ কর্তৃক ডিও পত্র প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করেন।	(ক) সমাপ্ত প্রকল্প লক্ষ্যমাত্রা অনুযায়ী পরিদর্শন এবং প্রতিবেদন জারি নিশ্চিত করতে হবে; এবং (খ) যে সকল মন্ত্রণালয়/বিভাগ থেকে পিসিআর পাওয়া যায়নি সেসকল মন্ত্রণালয়/বিভাগ বরাবর জরুরিভিত্তিতে ডি.ও. পত্র প্রেরণ করতে হবে।	প্রধান/মহাপরিচালক (সকল)
০৬।	**e-PMIS সংক্রান্ত** **৪.১ e-PMIS ব্যবহার করে প্রকল্প পরিবীক্ষণ/মূল্যায়ন প্রতিবেদন প্রণয়ন ও জারিকরণ:** ২০২৬-২৭ অর্থবছরে e-PMIS ব্যবহার করে প্রকল্প পরিবীক্ষণ প্রতিবেদন প্রণয়ন ও জারির লক্ষ্যমাত্রা ১৪১টি। সেপ্টেম্বর ২০২৬ পর্যন্ত e-PMIS ব্যবহার করে প্রকল্প পরিবীক্ষণ লক্ষ্যমাত্রা ৩৫টির বিপরীতে ১২টি প্রকল্প পরিদর্শন করে ০৯টি প্রতিবেদন জারি করা হয়েছে। সভাপতি e-PMIS ব্যবহার করে প্রকল্প পরিবীক্ষণ/মূল্যায়ন প্রতিবেদন প্রণয়ন ও জারিকরণের লক্ষ্যমাত্রা অর্জনের উপর গুরুত্বারোপ করেন। প্রধান, সেক্টর-১, আইএমইডি এর সভাপতিত্বে	(ক) প্রধান, সেক্টর-১, আইএমইডি এর সভাপতিত্বে গঠিত কমিটি জরুরি ভিত্তিতে একটি সভা আয়োজনের মাধ্যমে e-PMIS এর প্রতিবেদন প্রণয়নসহ যে সকল সমস্যা চিহ্নিত হয়েছে তা কারিগরি টিমের মাধ্যমে দ্রুত সমাধানের উদ্যোগ গ্রহণ করবে; এবং (খ) সেক্টরভিত্তিক লক্ষ্যমাত্রা অনুযায়ী e-PMIS ব্যবহার করে প্রকল্প পরিদর্শন এবং প্রতিবেদন জারি নিশ্চিত করতে হবে।	প্রধান (সেক্টর-১)/ e-PMIS সেল

<table>
<tr><th>ক্রম</th><th>আলোচ্য বিষয় ও আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী সেক্টর/কর্মকর্তা</th></tr>
<tr><td></td><td>গঠিত কমিটি জরুরি ভিত্তিতে একটি সভা আয়োজনের মাধ্যমে e-PMIS এর প্রতিবেদন প্রণয়নসহ যে সকল সমস্যা চিহ্নিত হয়েছে তা কারিগরি টিমের মাধ্যমে দ্রুত সমাধানের উদ্যোগ গ্রহণ করার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন।</td><td>
<table>
<tr><th rowspan="2">সেক্টর</th><th colspan="3">সেপ্টেম্বর ২০২৬পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি</th></tr>
<tr><th>পরিবীক্ষণ লক্ষ্যমাত্রা</th><th>পরিবীক্ষণ সংখ্যা</th><th>প্রতিবেদন জারি</th></tr>
<tr><td>সেক্টর-১</td><td>৪</td><td>০</td><td>২</td></tr>
<tr><td>সেক্টর-২</td><td>৫</td><td>৩</td><td>২</td></tr>
<tr><td>সেক্টর-৩</td><td>৬</td><td>২</td><td>২</td></tr>
<tr><td>সেক্টর-৪</td><td>৫</td><td>০</td><td>০</td></tr>
<tr><td>সেক্টর-৫</td><td>৩</td><td>০</td><td>০</td></tr>
<tr><td>সেক্টর-৬</td><td>৫</td><td>০</td><td>০</td></tr>
<tr><td>সেক্টর-৭</td><td>৩</td><td>৪</td><td>০</td></tr>
<tr><td>সেক্টর-৮</td><td>৪</td><td>৩</td><td>৩</td></tr>
<tr><td>মোট</td><td>৩৫</td><td>১২</td><td>৯</td></tr>
</table>
</td><td></td></tr>
<tr><td></td><td>৪.২ e-PMIS এ তথ্য আপলোড:
২০২৬-২৭ অর্থবছরে সংশোধিত এডিপি-তে মোট প্রকল্প সংখ্যা ১১৬৩টি। তন্মধ্যে ০৮ অক্টোবর ২০২৬ পর্যন্ত e-PMIS এ ১১২০ জন প্রকল্প পরিচালকের তথ্য নিবন্ধন করা হয়েছে। ৯৫৬ জন প্রকল্প পরিচালক DPP তথ্য আপলোড করেছেন যা মোট প্রকল্পের ৮২.২%।।
সভাপতি প্রকল্প পরিচালকগণ কর্তৃক e-PMIS এ মাসিক তথ্য এন্ট্রি বৃদ্ধির লক্ষ্যে মন্ত্রণালয়/বিভাগ/সংস্থায় পত্র প্রেরণ করাসহ e-PMIS সংক্রান্ত অগ্রগতির তথ্য ইউও নোটের মাধ্যমে আইএমইডি এর প্রতিটি সেক্টরে প্রেরণ করার নির্দেশনা প্রদান করেন। তিনি বলেন, প্রধানমন্ত্রীর নির্দেশনা অনুযায়ী e-PMIS এ Project Monitoring Dashboard প্রণয়ন করা হয়েছে। Dashboard-টি প্রকল্পের তথ্য এন্ট্রির উপর প্রত্যক্ষভাবে নির্ভরশীল তাই e-PMIS সফটওয়্যারে মাসিক তথ্য এন্ট্রির বিষয়টিকে সর্বোচ্চ গুরুত্ব দিতে হবে।</td><td>(ক) e-PMIS এ মাসিক তথ্য এন্ট্রি বৃদ্ধির লক্ষ্যে মন্ত্রণালয়/বিভাগ/সংস্থায় ডিও পত্র প্রেরণ করতে হবে;
(খ) সেক্টরের কর্মকর্তাগণ কর্তৃক তার আওতাধীন মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার প্রকল্প পরিচালক কর্তৃক e-PMIS সফটওয়্যারে মাসিক তথ্য এন্ট্রি করছেন কিনা তা মনিটরিং করতে হবে; এবং
(গ) আইএমইডি'র কর্মকর্তাগণ কর্তৃক এডিপি রিভিউ, PIC এবং PSC সভায় অংশগ্রহণকালে e-PMIS সফটওয়্যারে মাসিক তথ্য এন্ট্রির বিষয়টি উপস্থাপন করতে হবে।</td><td>প্রধান/মহাপরিচালক (সকল)/যুগ্মসচিব (সমন্বয়)/পরিচালক (সমন্বয়)/সকল কর্মকর্তা</td></tr>
<tr><td>০৭।</td><td>এডিপিভুক্ত প্রকল্পের মেয়াদ বৃদ্ধির প্রস্তাবের উপর মতামত/সুপারিশ প্রদান সংক্রান্ত
সেক্টরসমূহ হতে প্রাপ্ত তথ্য অনুযায়ী ২০২৬-২৭ অর্থবছরে সেপ্টেম্বর ২০২৬ পর্যন্ত মোট ৬৯টি প্রকল্পের মেয়াদ বৃদ্ধির প্রস্তাব পাওয়া গেছে, তন্মধ্যে ৬০টি প্রকল্প পরিদর্শন করে ৪৬টি প্রকল্পের মতামত প্রদান করা হয়েছে। সামগ্রিকভাবে মেয়াদ বৃদ্ধির প্রস্তাব পেন্ডিং রয়েছে ২৩টি।
• পরিদর্শন হয়নি ০৯টি
• প্রতিবেদন জারি হয়নি ১৪টি
সভাপতি পেন্ডিং থাকা ২৩টি প্রকল্পের (পরিদর্শন হয়নি ০৯টি এবং প্রতিবেদন জারি হয়নি ১৪টি) মেয়াদ বৃদ্ধির প্রস্তাব দ্রুত নিষ্পত্তি করার নির্দেশনা প্রদান করেন।</td><td>সেক্টরভিত্তিক নিম্নের তালিকা অনুযায়ী অনিষ্পন্ন ২৩টি মেয়াদ বৃদ্ধির প্রস্তাব দ্রুততম সময়ের মধ্যে নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;
<table>
<tr><th rowspan="2">সেক্টর</th><th rowspan="2">প্রাপ্ত মেয়াদ বৃদ্ধির প্রস্তাবের সংখ্যা</th><th colspan="3">সেপ্টেম্বর ২০২৬ পর্যন্ত ক্রমপুঞ্জিত অগ্রগতি</th></tr>
<tr><th>পরিদর্শন হয়নি</th><th>প্রতিবেদন জারি হয়নি</th><th>সামগ্রিকভাবে মূল্যায়ন কাজ বাকি রয়েছে</th></tr>
<tr><td>১</td><td>৭</td><td>১</td><td>৩</td><td>৪</td></tr>
<tr><td>২</td><td>৭</td><td>৬</td><td>০</td><td>৬</td></tr>
<tr><td>৩</td><td>১৯</td><td>১</td><td>৫</td><td>৬</td></tr>
<tr><td>৪</td><td>৩</td><td>০</td><td>১</td><td>১</td></tr>
<tr><td>৫</td><td>১০</td><td>১</td><td>১</td><td>২</td></tr>
<tr><td>৬</td><td>১১</td><td>০</td><td>০</td><td>০</td></tr>
<tr><td>৭</td><td>৭</td><td>০</td><td>৩</td><td>৩</td></tr>
<tr><td>৮</td><td>৫</td><td>০</td><td>১</td><td>১</td></tr>
<tr><td>মোট</td><td>৬৯</td><td>৯</td><td>১৪</td><td>২৩</td></tr>
</table>
</td><td>প্রধান/ মহাপরিচালক (সকল)/যুগ্মসচিব (সমন্বয়)</td></tr>
<tr><td>০৮।</td><td>ডি-ফাইলিং সংক্রান্ত
সেপ্টেম্বর ২০২৬ মাসে মোট গৃহীত ডাক ১০৭১টি তন্মধ্যে সরাসরি নিষ্পিত্তিযোগ্য ডাক ৫৮২টি এবং কার্যক্রম যোগ্য ডাক ৪৮৯টি। হার্ড নথিতে নিষ্পন্ন হয়েছে ২৭১টি ডি নথিতে নিষ্পন্ন হয়েছে ১৬৮টি।
সভাপতি ডি নথি সংক্রান্ত প্রধানমন্ত্রীর এবং মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী এ বিভাগের সকল কর্মকর্তা/কর্মচারীর নিকট থেকে প্রাপ্ত চিঠিপত্র (ডাক), সভার নোটিশের ম্যানুয়াল নথি প্রেরণের পূর্বে ডি-নথিতে প্রেরণ নিশ্চিত করাসহ ডি-নথিতে অনিষ্পন্ন ডাক ও নথি নিয়মিত নিষ্পন্ন করার এবং পত্র জারি সংখ্যা বৃদ্ধির নির্দেশনা প্রদান করেন।</td><td>(ক) আইএমইডি'র সেক্টর এবং অনুবিভাগ কর্তৃক উপস্থাপিত নথির ৮০ শতাংশ ডি-নথির মাধ্যমে উপস্থাপন করতে হবে;
(খ) উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট নথি উপস্থাপনের ক্ষেত্রে শুধু মাত্র ডি-নথি অথবা হার্ড নথি যে কোন একটি মাধ্যম অনুসরণ করতে হবে; এবং
(গ) ডি-নথিতে অনিষ্পন্ন ডাক ও নথি নিয়মিত পরীক্ষান্তে নিষ্পন্ন করতে হবে।</td><td>সকল কর্মকর্তা</td></tr>
</table>

ক্রম	আলোচ্য বিষয় ও আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী সেক্টর/কর্মকর্তা
০৯।	**একনেক সভার সিদ্ধান্ত অবহিতকরণ** একনেক সভায় প্রধানমন্ত্রীর নির্দেশনা অনুযায়ী আইএমইডিকে ১৪টি প্রকল্পের তদন্ত প্রতিবেদন প্রেরণ করার নির্দেশনা প্রদান করা হয়, যা ইতোমধ্যে জারি করা হয়েছে। গত ২৯-০৯-২০২৬ তারিখে অনুষ্ঠিত একনেক সভায় আইএমইডি'কে নতুন করে ৩টি প্রকল্পের উপর তদন্ত করে প্রতিবেদন প্রেরণ করার নির্দেশনা প্রদান করা হয়েছে। ইতোমধ্যে সেক্টর-৬ এর প্রতিবেদনটি জারি করা হয়েছে। সভাপতি একনেক ও এনইসি সভায় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত নির্দেশনা সমূহ যথাযথভাবে অনুসরণ করার উপর গুরুত্বারোপ করেন। তিনি আইএমইডি'র তদন্ত প্রতিবেদন প্রণয়নের ক্ষেত্রে সংশ্লিষ্টদের যথাযথ গুরুত্ব প্রদানের জন্য নির্দেশনা প্রদান করেন। প্রতিবেদনে প্রকৃত সমস্যা চিহ্নিত করার পাশাপাশি মেয়াদ বৃদ্ধি অথবা সংশোধনের সুর্নিদিষ্ট কারণ চিহ্নিত করা এবং কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানের গাফিলতির কারণে প্রকল্পের ব্যয় বা সময় বৃদ্ধি পেয়ে থাকলে তা চিহ্নিত করে সুর্নিদিষ্ট সুপারিশ প্রতিবেদনে উল্লেখ করার নির্দেশনা প্রদান করেন।	(ক) একনেক ও এনইসি সভায় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত নির্দেশনাসমূহ যথাযথভাবে অনুসরণ করতে হবে; এবং (খ) একনেক সভার সিদ্ধান্ত অনুযায়ী আইএমইডি কর্তৃক তদন্ত প্রতিবেদন প্রণয়নের ক্ষেত্রে যথাযথ গুরুত্ব প্রদান করে প্রকৃত সমস্যা চিহ্নিত করার পাশাপাশি মেয়াদ বৃদ্ধি অথবা সংশোধনের সুর্নিদিষ্ট কারণ চিহ্নিত করা এবং কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানের গাফিলতির কারণে প্রকল্পের ব্যয় বা সময় বৃদ্ধি পেয়ে থাকলে তা চিহ্নিত করে সুর্নিদিষ্ট সুপারিশসহ প্রতিবেদন প্রণয়ন করতে হবে।	সকল কর্মকর্তা
১০।	**সচিব -সভার সিদ্ধান্ত বাস্তবায়ন:** গত ১৫ সেপ্টেম্বর ২০২৬ তারিখে অনুষ্ঠিত সচিব কমিটি'র সভায় মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা পর্যায়ে পালনীয় বিষয়ে বেশ কিছু সিদ্ধান্ত গৃহীত হয়েছে যা সকলকে যথাযথভাবে অনুসরণ করতে হবে। সভাপতি সচিব কমিটি'র সভায় মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা পর্যায়ে পালনীয় বিষয়ে বেশ কিছু সিদ্ধান্ত গৃহীত হয়েছে যা সকলকে যথাযথভাবে অনুসরণ করার নির্দেশনা প্রদান করেন।	গত ১৫ সেপ্টেম্বর ২০২৬ তারিখে অনুষ্ঠিত সচিব কমিটি'র সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা পর্যায়ে যথাযথভাবে অনুসরণ করতে হবে।	সকল কর্মকর্তা
১১।	**ধীরগতি সম্পন্ন প্রকল্প বাস্তবায়ন পর্যালোচনা (অনলাইন/অফলাইন) সভা আয়োজন** ২০২৬-২৭ অর্থবছরে আইএমইডি কর্তৃক ১৬টি ধীরগতি সম্পন্ন প্রকল্প বাস্তবায়ন পর্যালোচনা (অন-লাইন/অফলাইন) সভা আয়োজনের লক্ষ্যমাত্রা নির্ধারিত রয়েছে। লক্ষ্যমাত্রা অনুযায়ী সেপ্টেম্বর ২০২৬ পর্যন্ত সেক্টর- ৫, ৬ ও ৭ কর্তৃক ০২টি করে এবং সেক্টর- ৩ ও ৮ কর্তৃক ০১টি করে মোট ০৮টি ধীরগতি সম্পন্ন প্রকল্প বাস্তবায়ন পর্যালোচনা সভা আয়োজন করা হয়েছে। সভাপতি ২০২৬-২৭ অর্থবছরের লক্ষ্যমাত্রা অর্জনে সবাইকে সচেষ্ট থাকার নির্দেশনা প্রদান করেন।	২০২৬-২৭ অর্থবছরের সেক্টর ভিত্তিক লক্ষ্যমাত্রা অনুযায়ী সেক্টর-১, ২ ও ৪ এর ০২টি করে এবং সেক্টর-৩ ও ৮ এর ০১টি করে মোট ০৮টি সভা আয়োজন করতে হবে।	প্রধান/মহাপরিচালক সেক্টর-১,২,৩,৪ ও ৮
১২।	**জারিকৃত পরিবীক্ষণ প্রতিবেদনে উল্লিখিত সুপারিশ বাস্তবায়ন সংক্রান্ত অনলাইন প্লাটফর্মে ফলো-আপ সভা আয়োজন** GPMS এর লক্ষ্যমাত্রা অনুযায়ী ২০২৬-২৭ অর্থবছরে ৮০টি ফলো-আপ সভা আয়োজনের লক্ষ্যমাত্রা নির্ধারিত রয়েছে। লক্ষ্যমাত্রা অনুযায়ী সেপ্টেম্বর ২০২৬ পর্যন্ত সেক্টর- ৩, ৫ ও ৭ কর্তৃক ০৩টি করে এবং সেক্টর- ২, ৬ ও ৮ কর্তৃক ০২টি করে মোট ১৫টি ফলো-আপ সভা আয়োজন করা হয়েছে। সেক্টর- ১ ও ৪ কর্তৃক কোন সভা আয়োজন করা হয়নি। লক্ষ্যমাত্রা অনুযায়ী আরও ৬৫টি সভা আয়োজন করতে হবে। সভাপতি ২০২৬-২৭ অর্থবছরের লক্ষ্যমাত্রা অর্জনে সবাইকে সচেষ্ট থাকার নির্দেশনা প্রদান করেন।	২০২৬-২৭ অর্থবছরের সেক্টর ভিত্তিক লক্ষ্যমাত্রা অনুযায়ী সেক্টর-১, ২, ৩, ৪, ৫, ৬, ৭ ও ৮ কর্তৃক সভা আয়োজন করতে হবে।	প্রধান/মহাপরিচালক (সকল)

ক্রম	আলোচ্য বিষয় ও আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী সেক্টর/কর্মকর্তা
১৩।	**অডিট আপত্তি সংক্রান্ত** ২০১৭-১৮ অর্থবছরের ৫(পাঁচ)টি অডিট আপত্তির ব্রডশীট জবাব গত ৩০/০৭/২০২৬ তারিখে প্রেরণ করা হয়েছে। ২০১৭-১৮ অর্থবছর হতে ২০২৪-২৫ অর্থবছর পর্যন্ত মোট ৬৩টি অডিট আপত্তি পাওয়া গিয়েছে। সভাপতি আইএমইডি সংশ্লিষ্ট অডিট আপত্তিসমূহ নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য যুগ্মসচিব (প্রশাসান)-কে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করেন।	আইএমইডি সংশ্লিষ্ট অডিট আপত্তিসমূহ নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। সেক্টরসমূহ হতে অডিট আপত্তির জবাব প্রাপ্তির পর দ্বিপাক্ষিক/ত্রিপাক্ষিক সভার আয়োজন করতে হবে।	যুগ্মসচিব (প্রশাসন)
১৪।	**অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তি সংক্রান্ত** GRS এর মাধ্যমে আইএমইডি'র ওয়েবসাইটে সেপ্টেম্বর ২০২৬ মাসে কোন অভিযোগ পাওয়া যায়নি। ইতোমধ্যে সকল অভিযোগ নিষ্পত্তি করা হয়েছে। সভাপতি সকল অভিযোগ বিধি মোতাবেক নিষ্পত্তি করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করেন।	GRS এর মাধ্যমে প্রাপ্ত সকল অভিযোগ বিধি মোতাবেক নিষ্পত্তি করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	যুগ্মসচিব (প্রশাসন)/GRS ফোকাল পয়েন্ট কর্মকর্তা
১৫।	**সমাপ্ত উন্নয়ন প্রকল্পের যানবাহন সরকারি যানবাহন অধিদপ্তরের অধীন কেন্দ্রীয় পরিবহণ পুলে জমাকরণ, ব্যবহার ও নিষ্পত্তি** জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১৮ নভেম্বর, ২০২৪ তারিখের পরিপত্রের নির্দেশনা মোতাবেক প্রকল্প পরিচালক এর নিকট হতে যানবাহন সংক্রান্ত প্রাপ্ত তথ্যাদি বাস্তবায়ন পরিবীক্ষন ও মূল্যায়ন বিভাগ কর্তৃক প্রবর্তিত e-PMIS সফটওয়্যারে এন্ট্রি করা এবং সরকারি যানবাহন অধিদপ্তর থেকে যানবাহন জমা প্রদান সংক্রান্ত প্রতিবেদন প্রাপ্তির পর বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ সংশ্লিষ্ট প্রকল্পের অন্যান্য শর্ত পূরণ-সাপেক্ষে প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (PCR) গ্রহণ করবে। পূর্ব প্রকল্পের PCR জমাদানসাপেক্ষে পরবর্তী প্রকল্প অনুমোদন করা হবে মর্মে পরিপত্রে উল্লেখ করা হয়। সভাপতি গাড়ি পরিবহন পুলে জমাকরণ সম্পর্কিত জনপ্রশাসন মন্ত্রণালয়ের আদেশ যথাযথভাবে অনুসরণ করার নির্দেশনা প্রদান করেন। তিনি সমাপ্ত মূল্যায়ন প্রতিবেদনে গাড়ি পরিবহন পুলে জমা প্রদান সম্পর্কিত যথাযথ সুপারিশ প্রদানের নির্দেশনা প্রদান করেন।	(ক) গাড়ি পরিবহন পুলে জমাকরণ সম্পর্কিত জনপ্রশাসন মন্ত্রণালয়ের আদেশ যথাযথভাবে অনুসরণ করতে হবে; এবং (খ) সমাপ্ত মূল্যায়ন প্রতিবেদন প্রণয়নকালে গাড়ি পরিবহন পুলে জমা প্রদান না করা হয়ে থাকলে দ্রুত পরিবহন পুলে গাড়ি জমা প্রদান করার জন্য সুনির্দিষ্ট সুপারিশ থাকতে হবে।	প্রধান/মহাপরিচালক (সকল)/ যুগ্মসচিব (সমন্বয়)
১৬।	**উচ্চ আদালতে সরকারি স্বার্থ-সংশ্লিষ্ট মামলা** মন্ত্রিপরিষদ বিভাগের সিদ্ধান্ত অনুযায়ী, মাসিক সমন্বয় সভায় উচ্চ আদালতে চলমান সরকারি স্বার্থ-সংশ্লিষ্ট বিষয় নিয়ে মন্ত্রণালয়/বিভাগসমূহকে আলোচনা এবং প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। **আইএমইডি'র রিট পিটিশনের অগ্রগতি** আইএমইডি'র নিয়োগ বিধি ও পদোন্নতি সংক্রান্ত ০২টি রিট পিটিশন নং ৯৫৬৮/২০২০ এবং ৩২/২০২৬ চলমান রয়েছে। **বিপিপিএ'র রিট পিটিশনের অগ্রগতি** বিপিপিএ'র সরকারি ক্রয় সংক্রান্ত ০৪টি (রিট পিটিশন নম্বর ৪২৫৯/২০১৬, ১১৪৬৬/২০১৫, ১২০২৩/২০১৬, ১১৫১৮/২০২৪) মামলা চলমান রয়েছে। সভাপতি আইএমইডি এবং বিপিপিএর মামলাসমূহ পরিচালনার জন্য সার্বক্ষনিক যোগাযোগ অব্যাহত রাখার নির্দেশনা প্রদান করেন।	(ক) আইএমইডি এবং বিপিপিএর মামলাসমূহ সার্বক্ষনিক যোগাযোগ অব্যাহত রেখে মামলার সর্বশেষ অগ্রগতি সময় সময় অবহিত করতে হবে; এবং (খ) মামলার সর্বশেষ অগ্রগতি আগামী সভায় উপস্থাপন করতে হবে।	প্রধান নির্বাহী কর্মকর্তা (সচিব), বিপিপিএ /যুগ্মসচিব (প্রশাসন)
১৭।	**বাংলাদেশ পাবলিক প্রকিউরমেন্ট অথরিটি (বিপিপিএ)** বাংলাদেশ পাবলিক প্রকিউরমেন্ট অথরিটি (বিপিপিএ) কর্তৃক সেপ্টেম্বর ২০২৬ পর্যন্ত নিম্নোক্ত গুরুত্বপূর্ণ কার্যাদি সম্পন্ন করা হয়েছে:	আইএমইডি'তে সদ্য যোগদানকৃত কর্মকর্তাদের প্রয়োজন অনুযায়ী PPR-2025 বিষয়ে প্রশিক্ষণ প্রদানের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	প্রধান নির্বাহী কর্মকর্তা (সচিব), বিপিপিএ /যুগ্মসচিব (প্রশাসন)

ক্রম	আলোচ্য বিষয় ও আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী সেক্টর/কর্মকর্তা
	• সেপ্টেম্বর ২০২৬ মাস পর্যন্ত সকল মন্ত্রণালয়/বিভাগসহ সর্বমোট ১৫৬৩টি ক্রয়কারী সংস্থা ই-জিপি পোর্টালে সংযুক্ত হয়েছে। • ২,৩৯০ জন দরদাতা প্রতিষ্ঠান/দরদাতা e-GP-তে নিবন্ধিত হয়েছে। এ পর্যন্ত ১,৬৪,৪১৭ জন দরদাতা প্রতিষ্ঠান/দরদাতা ই-জিপিতে নিবন্ধিত হয়েছে। একই সঙ্গে e-GP-তে ১৬,১২০টি দরপত্র আহবান করা হয়েছে এবং ৮,৭১৫টি চুক্তি সম্পাদিত হয়েছে। • সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির সভায় পেশকৃত ৪২টি এবং অর্থনৈতিক বিষয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির সভায় পেশকৃত ০৬টি ক্রয় প্রস্তাব পরীক্ষা করে সভায় মতামত প্রদান করা হয়েছে। • ESCB (Engineering Staff College Bangladesh) তে ০৪টি ব্যাচে ১২১ জন কর্মকর্তাকে চার সপ্তাহব্যাপি পাবলিক প্রকিউরমেন্ট ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। • রিভিউ প্যানেলে দায়েরকৃত আপিলের সংখ্যা ১৮টি। এ মাসে ২০টি রিভিউ আপিল নিষ্পত্তি হয়েছে।		
১৮।	**বিবিধ**		
	বিবিধ বিষয়ে আলোচনাকালে সভাপতি আইএমইডি'র সকল কর্মকর্তা এবং কর্মচারীদের উদ্দেশ্য নিম্নরূপ নির্দেশনা প্রদান করেন। আবশ্যিকভাবে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী সকল কর্মকর্তা/কর্মচারীকে অফিসে আগমন এবং প্রস্থানের সময় ডিজিটাল হাজিরায় উপস্থিতি নিশ্চিত করতে হবে। মহাপরিচালক ও অনুবিভাগের প্রধানগণ কর্তৃক কর্মকর্তাদের উপস্থিতি নিয়মিত মনিটরিং করতে হবে।	মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী সকল কর্মকর্তা/কর্মচারীকে অফিসে আগমন এবং প্রস্থানের সময় ডিজিটাল হাজিরায় উপস্থিতি নিশ্চিত করতে হবে।	যুগ্মসচিব (প্রশাসন)
	এনইসি/একনেক সভা কর্তৃক সুনির্দিষ্ট প্রকল্পের প্রাপ্ত তদন্ত প্রতিবেদন প্রণয়নে সতর্কতা অবলম্বন কতে হবে।	আইএমইডি'র সকল মনিটরিং সেক্টরসমূহকে এনইসি/একনেক সভা কর্তৃক সুনির্দিষ্ট প্রকল্পের প্রাপ্ত তদন্ত প্রতিবেদন প্রণয়নে সতর্কতা অবলম্বন কতে হবে।	সকল কর্মকর্তা
	উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন পরিবীক্ষণ এবং মূল্যায়ন সংক্রান্ত গত ২৯/০৩/২০০৬ তারিখে জারিকৃত পরিপত্রসহ আইএমইডি কর্তৃক প্রণীত ছকসমূহ অধিকতর যুগোপযোগী এবং কার্যকর করার লক্ষ্যে প্রধান আইএমইডি'র নেতৃত্বে একটি সভার আয়োজন করে দ্রুততম সময়ের মধ্যে ছক আপডেট করতে হবে।	আইএমইডি কর্তৃক ইতঃপূর্বে প্রণীত পরিপত্র ও ছকসমূহ অধিকতর যুগোপযোগী এবং কার্যকর করার লক্ষ্যে প্রধান এর সভাপতিত্বে দ্রুততম সময়ের মধ্যে পরিপত্র ও ছক হালনাগাদসহ জারি করার উদ্যোগ গ্রহণ করতে হবে।	প্রধান, আইএমইডি

০২। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্ত করেন।

২৮.১০.২৩

(সিরাজুন নূর চৌধুরী)
সচিব
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ